কহিলেন—"হে প্রিয়ে! এই মার্কণ্ডেয় শ্রীভগবানে সমাধিযুক্ত হইয়া আছে, আমরা নিকটে গেলেও চক্ষু মেলিয়া চাহিবে না।" তখন দেবীর অতিশয় আগ্রহে শ্রীশঙ্কর মার্কণ্ডেয়ের নিকট যাইয়া অনেক করিয়া ডাকিলেন। কিন্তু তিনি চক্ষু মেলিয়া চাহিলেন না এবং তাঁহাদের কোন আহ্বান শুনিলেন না। তখন সেই শ্রীরুদ্র ও তৎপত্নী শ্রীশঙ্করীর আগমন শ্রীমার্কণ্ডেয় জানিতে পারেন নাই। যদ্যপি শ্রীরুদ্র ভগবানের অংশ এবং শ্রীশঙ্করী শ্রীভগবানের অংশশক্তি— এই বলিয়া জগতের আত্মা অর্থাৎ নিয়ামক, তথাপি তাঁহাদের আগমন না জানিবার কারণ "রুদ্ধধীবৃত্তিঃ"; অর্থাৎ মার্কণ্ডেয় শ্রীভগবানে আবিষ্টচিত্ত ছিলেন বলিয়া নিজের ও এই বিশ্বের কোন খবর লইতে পারেন নাই। এস্থলে অসম্প্রজ্ঞাত নামক ব্রহ্মসমাধি হইতে এই সমাধির পার্থক্য বুঝিতে হইবে। যেহেতু এই শ্লোকের পূর্ব্বে ১২।১০।৬ শ্লোকে উল্লেখ করা হইয়াছে—"ভক্তিং পরা ভগবতি লব্ধবান্ পুরুষেঽব্যয়ে", অর্থাৎ সেই শ্রীমার্কণ্ডেয় অব্যয়পুরুষ শ্রীভগবানে পরাভক্তি লাভ করিয়াছিলেন। অতএব এস্থলে বুঝিতে হইবে শ্রীমান্ মার্কণ্ডেয় শ্রীভগবানে প্রেম-সমাধি লাভ করিয়াছিলেন ॥ ২৭৮ ॥

ক্বচিল্লীলাদিযুক্তে চ তস্মিন্নন্যাস্ফূর্ত্তিঃ সমাধিঃ স্যাৎ। যথাহ—উরুক্রমস্যাখিলবন্ধ-মুক্তয়ে সমাধিনানুস্মর তদ্বিচেষ্টিতমিতি ॥ ২৭৯ ॥

স্পষ্টম্। এতদ্রূপো দাসাদিভক্তানাম্। পূর্ব্বস্তু প্রায়ঃ শান্তভক্তানাম্। স্বসুখ-নিভৃতচেতাস্তদ্ব্যুদস্তান্যভাবোঽপ্যজিতরুচিরলীলাকৃষ্টসার ইত্যাদ্যুক্তিভ্যঃ ১। ৭ ॥ শ্রীনারদো ব্যাসম্ ॥ ২৭৯ ॥

অথ রুচিঃ শক্তিশ্চ চেত্তদপরিত্যাগেন পাদ সেবা চ কর্ত্তব্য। সেবাস্মরণসিদ্ধ্যর্থঞ্চ সা কৈশ্চিৎ ক্রিয়তে। তথাচ বিষ্ণুরহস্যে পরমেশ্বরবাক্যম্—ন মে ধ্যানরতাঃ সম্যক্ যোগিনঃ পরিতুষ্টয়ে। তথা ভক্তিশ্চ দেবর্ষে ক্রিয়াযোগরতা যথা ॥ ক্রিয়াক্রমেণ যোগোঽপি ধ্যানিনঃ সংপ্রবর্ত্ততে ॥ ইতি ॥ যোগোঽত্র সমাধিঃ। পাদসেবায়াং পাদশব্দো ভক্ত্যৈব নির্দ্দিষ্টঃ। ততঃ সেবায়াঃ সাদরত্বং বিধীয়তে। সেবা চ কাল-দেশাদ্যুচিতা পরিচর্য্যাদিপর্য্যায়া। সা যথা—যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনামশেষ-জন্মোচিতং মলং ধিয়ঃ। সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ ॥ ২৮০ ॥

তপস্বিনাং সংসারতপ্তানাং মলং তত্তদ্বাসনাং ত্বৎপাদস্যৈবৈষমহিমেতি দৃষ্টান্তেনাহ, যথেতি ॥ ৪।২১ ॥ পৃথুঃ শ্রীবিষ্ণুম্ ॥ ২৮০ ॥

কোনও কোনও অধিকারীতে লীলাদিযুক্ত শ্রীভগবানে অন্য অস্ফূর্ত্তি লক্ষণ অর্থাৎ শ্রীভগবান ও তাঁহার লীলাভিন্ন অন্য কিছু স্ফূর্ত্তি না হওয়া রূপ সমাধি হইয়া থাকে। তাহাই ১।৫।১৩ শ্লোকে দেবর্ষি নারদ বেদব্যাসকে বলিয়াছেন—